



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২ ফেব্রুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে স্কুল শিক্ষকদের সাথে সচিব চাকমার বৈঠক

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) নেতা সচিব চাকমা সাজেকে স্থানীয় স্কুল শিক্ষকদের সাথে বৈঠক করে এলাকায় শিক্ষার সার্বিক অবস্থা সম্পর্কে খোঁজ খবর নিয়েছেন।

আজ ২ ফেব্রুয়ারি ২০২৪ শুক্রবার রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলাধীন সাজেক এলাকায় একটি জুনিয়র হাই স্কুল প্রতিষ্ঠা করা বিষয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় তিনি ক্লাশে পাঠদান, স্কুলে ছাত্রছাত্রীদের বিশেষ করে গরীব ছাত্রছাত্রীদের উপস্থিতি ও স্কুল পরিচালনা সংক্রান্ত বিষয়ে উপস্থিত শিক্ষকদের সাথে আলোচনা করেন।

শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে উল্লেখ করে সচিব চাকমা বলেন, রাজনীতিসহ সমাজের সর্বক্ষেত্রে ভবিষ্যত নেতৃত্ব গড়ে তুলতে হলে আমাদেরকে এখন থেকে সচেষ্টিত হতে হবে এবং শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা দিতে হবে।

তিনি বলেন ইউপিডিএফ সাজেক এলাকায় শিক্ষা বিস্তারে অতীতেও কাজ করেছে এবং ভবিষ্যতেও এ বিষয়ে যথাযথ ভূমিকা পালন করবে।

সভায় একটি ভালো মানের জুনিয়র হাই স্কুল প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয়া হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।